

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশাসন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০১৪.০২.০০১.০৯- ৬৬

০৩ ভাদ্র, ১৪২৩ ব.

তারিখ : -----

১৮ আগস্ট, ২০১৬ খ্রি.

**“বিজ্ঞপ্তি”**

২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেটে বরাদ্দকৃত ৭৪০০-সরকারি কর্মচারীদের ঋণ ও অগ্রিম খাত হতে এ মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ/কম্পিউটার/মটর গাড়ী/মটর সাইকেল/বাই-সাইকেল ঋণ ও অগ্রিম মঞ্জুরি প্রদান করা হবে। উল্লিখিত ঋণ ও অগ্রিম গ্রহণে ইচ্ছুক কর্মকর্তা/কর্মচারীদেরকে নির্ধারিত ফরমে আগামী ২৫/৯/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন যুগ্মসচিব(প্রশাসন-১) বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২। ইতোপূর্বে যারা গৃহ নির্মাণ অগ্রিম গ্রহণ করেছেন তারা গৃহনির্মাণ ঋণ/অগ্রিম পরিশোধের প্রমাণপত্র দাখিল সাপেক্ষে নতুনভাবে গৃহ মেরামত অগ্রিমের জন্য আবেদন করতে পারবেন। গৃহ নির্মাণ অগ্রিম উত্তোলনের ক্ষেত্রে নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

৩। মোটর গাড়ী, মোটর সাইকেল ও সাইকেল ঋণ/অগ্রিম গ্রহণ করে থাকলে সুদাসলসহ সমস্ত দায়দেনা/পাওনা পরিশোধের প্রমাণপত্র দাখিল সাপেক্ষে দ্বিতীয়বার অগ্রিম গ্রহণের জন্য আবেদন করতে পারবেন।

৪। সকল প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা কম্পিউটার অগ্রিমের জন্য আবেদন করতে পারবেন। তবে কোন অস্থায়ী কর্মকর্তা এ অগ্রিম পাওয়ার যোগ্য নন। পূর্বে যারা এ অগ্রিম গ্রহণ করেছেন তাঁরা অগ্রিম গ্রহণের পরবর্তী ১০(দশ) বছরের মধ্যে পুনরায় কম্পিউটার অগ্রিম ঋণের জন্য আবেদন করতে পারবেন না।

৫। বর্ণিত ঋণ ও অগ্রিম গ্রহণে ইচ্ছুক কর্মচারীর চাকুরির বয়স ৫(পাঁচ) বছরের উর্ধ্ব হতে হবে এবং আবেদনপত্রের সাথে অবশ্যই দু'জন স্থায়ী কর্মচারী কর্তৃক প্রদত্ত জামানত পত্র (Security Bond) দাখিল করতে হবে। এছাড়াও সরকারের সাথে আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীর চুক্তিপত্র (নির্ধারিত ফরমে), ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প, জমি/মোটরসাইকেল/মোটরগাড়ী/কম্পিউটার ক্রয় সংক্রান্ত বায়নাপত্র/দলিলপত্র/কম্পিউটার ক্রয়ের অফার লেটার এবং আবেদনপত্রের সাথে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।

৬। উপরোক্ত সকল অগ্রিম ঋণের ক্ষেত্রে বার্ষিক ১০% হারে সুদ প্রযোজ্য হবে। কিস্তি অনুযায়ী অগ্রিম ঋণ পরিশোধে ব্যর্থ হলে ১১% চক্রবৃদ্ধি হারে দণ্ডসুদ আদায়যোগ্য।

  
( মোঃ আয়াতুল ইসলাম )

উপসচিব

ফোন : ৯৫৫৭০০৭

[email-admin2@mofood.gov.bd](mailto:email-admin2@mofood.gov.bd)


অপর পাতা দ্রষ্টব্য

নং-১৩.০০.০০০০.০১৪.০২.০০১.০৯-৬৬/১(৫০)

০৩ ভাদ্র, ১৪২৩ ব.  
তারিখ : -----  
১৮ আগস্ট, ২০১৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১. মহাপরিচালক, এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়।
২. সকল কর্মকর্তা/ কর্মচারী, খাদ্য মন্ত্রণালয়।
৩. সহকারী প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ আয়াতুল ইসলাম)  
উপসচিব